



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯  
www.pmeat.gov.bd



স্মারকনং- ৩৭.২৪.০০.০০০.২৮.০০১ (অংশ-৬).২০১৬-১২

তারিখ : ২৩ পৌষ ১৪২৭  
০৭ জানুয়ারি ২০২১


**বিষয় : টিউশন ফি প্রদানের জন্য ব্যাংক হিসাব নম্বরসহ সংশ্লিষ্ট তথ্যাদি ই-স্টাইপেন্ড সিস্টেমে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২০ সালে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ১৬/০৯/২০২০ থেকে ০৮/১০/২০২০ তারিখের মধ্যে সিস্টেম ব্যবহার করে প্রেরণ করেছে। কিন্তু দেখা যাচ্ছে যে, অনেক শিক্ষা প্রতিষ্ঠান ব্যাংক হিসাব নম্বর যুক্ত করাসহ (এন্ট্রি) সংশ্লিষ্ট তথ্যাদি নির্ধারিত ঘরে (Field) প্রদান করে নাই। শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বর ই-স্টাইপেন্ড সিস্টেমে প্রদান করা না হলে টিউশন ফি প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অর্থ বিতরণ করা সম্ভব হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ই-স্টাইপেন্ড সিস্টেমে প্রবেশ করে (পূর্বে প্রদত্ত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে) শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বর যথাযথভাবে প্রদান করা অতীব জরুরী। এ বিবেচনায়, ব্যাংক হিসাব নম্বরসহ ব্যাংক সংশ্লিষ্ট তথ্যাদি আপলোড করার জন্য সিস্টেম বর্তমানে উন্মুক্ত রাখা হয়েছে।

এমতাবস্থায়, টিউশন ফি বাবদ প্রদেয় অর্থ বিতরণের জন্য জরুরি ভিত্তিতে ই-স্টাইপেন্ড সিস্টেম (<http://estipend.pmeat.gov.bd>)-এ প্রবেশ করে ব্যাংক হিসাব নম্বরসহ সংশ্লিষ্ট তথ্যাদির ঘর পূরণ করে আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যে কোন প্রয়োজনে নিম্নবর্ণিত ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ফোন নম্বর : ০১৭৭৮৯৫৮৩৫৬  
০১৭৭৮৯৬৪১৫৬

  
(কাজী হাসিবুদ্দীন আহমেদ)  
সহকারী পরিচালক (উপবৃত্তি)

অধ্যক্ষ/সুপার

.....  
.....

অনুলিপি :

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।